গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

বরিশাল সিটি কর্পোরেশন
গ্রহণ নম্বর ৫০৭
তারিখ ২৮/১২/২৫

নম্বর: ৪৬.০০.০০০০.০৩৯.১৮.০১৪.২০১৫-১৬৫০

তারিখ: ০২ পৌষ ১৪৩২ / ১৭ ডিসেম্বর ২০২৫

বিষয়: দেশের অভ্যন্তরে কর্মরত সরকারি কর্মকর্তা/কর্মচারী ও নির্বাচনি দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদেরকে আইটি সাপোর্টেড পোস্টাল ব্যালটে ভোট প্রদানের নিমিত্ত রেজিস্ট্রেশন সম্পন্ন করার বিষয়ে উদ্বুদ্ধকরণ।

সূত্র: বাংলাদেশ নির্বাচন কমিশন, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা-এর পত্র নম্বর-ইসিএস/ওসিভি-এসভিআই/ ০১/বিবিধ/২০২৫-১৬৩, তারিখ: ১১/১২/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত বাংলাদেশ নির্বাচন কমিশনের পত্রে জানানো হয়েছে যে, আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট, ২০২৬ এ নিম্নবর্ণিত ভোটারগণ আইটি সাপোর্টেড পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোট প্রদান করতে পারবেন:

(ক) প্রবাসে অবস্থানরত বাংলাদেশী ভোটার;
(খ) নির্বাচনি দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীগণ;
(গ) নিজ ভোটার এলাকার বাইরে কর্মরত সরকারি চাকরিজীবী; এবং
(ঘ) আইনি হেফাজতে থাকা ভোটারগণ।

০২। পোস্টাল ব্যালটে ভোট প্রদানের জন্য উল্লিখিত ভোটারগণকে 'Postal Vote BD' মোবাইল অ্যাপ ডাউনলোড করে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। বর্ণিত অ্যাপের মাধ্যমে রেজিস্ট্রেশন ব্যতীত কোন সরকারি কর্মকর্তা/কর্মচারী ও নির্বাচনি দায়িত্বে নিয়োজিত থাকা কোন কর্মকর্তা/কর্মচারী পোস্টাল ব্যালটে ভোট প্রদান করতে পারবেন না। এ অবস্থায়, আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট, ২০২৬-এ মহোদয়ের মন্ত্রণালয়/বিভাগ ও এর আওতাধীন সকল সংস্থা/অধিদপ্তর/পরিদপ্তর এ কর্মরত কর্মকর্তা/কর্মচারী (iBAS++ সিস্টেম এর মাধ্যমে বেতনভোগী কর্মকর্তা/কর্মচারীগণ) এবং নির্বাচনি দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীগণকে আইটি সাপোর্টেড পোস্টাল ব্যালটে ভোটদানের লক্ষ্যে 'Postal Vote BD' অ্যাপ এর মাধ্যমে রেজিস্ট্রেশন সম্পন্ন করার বিষয়ে উদ্বুদ্ধকরণের জন্য অনুরোধ জানানো হয়েছে।

০৩। এমতাবস্থায়, আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট, ২০২৬-এ কর্মরত কর্মকর্তা/কর্মচারী (iBAS++ সিস্টেম এর মাধ্যমে বেতনভোগী কর্মকর্তা/কর্মচারীগণ) এবং নির্বাচনি দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীগণকে আইটি সাপোর্টেড পোস্টাল ব্যালটে ভোটদানের লক্ষ্যে 'Postal Vote BD' অ্যাপ এর মাধ্যমে রেজিস্ট্রেশন সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০২ (দুই) পাতা।


মোঃ আকবর হোসেন
উপসচিব
ফোন-৫৫১০১১৮১
E-mail: lgadmin1@lgd.gov.bd


**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

স্থানীয় সরকার বিভাগ

১. অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক (পমূপ), স্থানীয় সরকার বিভাগ।
২. যুগ্মসচিব/পরিচালক (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৩. যুগ্মসচিব (উপজেলা অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ।
৪. উপসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৫. সিনিয়র সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৬. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৭. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ।
৮. সহকারী সচিব (সকল)/হিসাবরক্ষণ কর্মকর্তা/সহকারী প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, স্থানীয় সরকার বিভাগ।
৯. প্রশাসনিক কর্মকর্তা/ব্যক্তিগত কর্মকর্তা/সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল), স্থানীয় সরকার বিভাগ।
১০. হিসাবরক্ষক/সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর/কম্পিউটার অপারেটর/অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (সকল), স্থানীয় সরকার বিভাগ।
১১. অফিস সহায়ক (সকল), স্থানীয় সরকার বিভাগ।